তারিখ 29 FEB 2016
পৃষ্ঠা ৩ কলাম ১

আমাদের সময়

# আইটিতে ৪৫ হাজার গ্র্যাজুয়েটকে প্রশিক্ষণ দেওয়া হবে : পলক

**কালিয়াকৈর প্রতিনিধি ●**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তিবিষয়ক প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক বলেছেন, আগামী ৩ বছরের মধ্যে তথ্যপ্রযুক্তিতে ৪৫ হাজার আইটি এবং আইটিএস গ্র্যাজুয়েটকে প্রশিক্ষণ দেওয়া হবে। একটি স্কিল্ট, ইকোইফট এবং ডিজিটাল রেডি একটি জেনারেশন তৈরি করার জন্য এ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। সরকারের তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের অর্থায়নে এ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে। যাতে আইটি সেক্টরে কোনো সার্ভিসে কর্মী সংকটের সৃষ্টি না হয়। গতকাল রোববার দুপুরে সকালে গাজীপুরের কালিয়াকৈর হাইটেক পার্কে প্রথমবারের মতো প্রযুক্তি পণ্য উৎপাদনে সামিট গ্রুপ ও শ্রীলংকার একটি প্রতিষ্ঠান যৌথভাবে কাজ শুরুর উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। এ সময় সামিট গ্রুপের চেয়ারম্যান আব্দুল আজিজ খান, শ্রীলংকার ইডব্লিউআইএস কলম্বোর সিইও সানজিওয়া এ উইকরামানায়েকেসহ হাইটেক পার্কের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।